তারিখ ... 07 MAY 2018 ...
পৃষ্ঠা ...১০... কলাম ...২... ......

সংবাদ

# পাথরঘাটায় শিশু শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগ শিক্ষকের বিরুদ্ধে

**প্রতিনিধি, পাথরঘাটা (বরগুনা)**

বরগুনার পাথরঘাটায় ৫ম শ্রেণীর এক শিক্ষার্থীকে যৌন হয়রানির অভিযোগে আমতলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষক মো. নাসির উদ্দিনের বিরুদ্ধে পাথরঘাটা থানায় নারী শিশু নির্যাতন দমন আইনে মামলা হয়েছে। জানা গেছে, গত ২৬ এপ্রিল কোচিং করার এক পর্যায়ে এক শিক্ষার্থীকে পাশের কক্ষে নিয়ে তার গায়ে হাত দিলে শিক্ষার্থী চিৎকারে সহপাঠীরা জড়ো হয়। পরে শিক্ষক ওই ছাত্রীকে কাউকে কিছু না বলার জন্য শাসিয়ে দেন। ওই ছাত্রীর মা অভিযোগ করে বলেন, অতিদরিদ্র হওয়া সত্ত্বেও মেয়েকে বিদ্যালয়ে পড়াতে পাঠাই। পরের বাড়িতে কাজ করি ও স্বামী দিন মজুরী করে উপার্জিত টাকা খরচ করি মেয়েকে শিক্ষিত করার জন্য। এমন ব্যবহার করলে আমরা কি করে পড়াব। এ ব্যাপারে পাথরঘাটা উপজেলা শিক্ষা কর্মকর্তা মো. জালাল আহমেদ বলেন, তিনি এ বিষয়ে কিছু জানেন না। তবে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেবেন। এলাকাবাসী জানান, শিক্ষক মো. নাসির উদ্দিন এর অগেও তার বিদ্যালয়ের ছাত্রীদের যৌন হয়রানি ও শ্লীলতাহানি করেছেন কিন্তু কোন বিচার হয়নি। ওই শিক্ষকের সঙ্গে একাধিকবার যোগাযোগ করার চেষ্টা করেও তাকে পাওয়া যায়নি। পাথরঘাটা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এসএম জিয়াউল হক জানান, ভিক্টিমের মা মামলার বাদী হয়েছেন। আসামি গ্রেফতার হয়নি তবে চেষ্টা চলছে।